**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**8 SEPTEMBER 2025** **7:35 AM IST**

======================================================================

আসাম সরকার বিশ্বব্যাংকের সাহায্যে রাজ্যের বারোটি জেলায় ২৮টি নতুন সেতু নির্মাণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । এই সেতু নির্মাণ করার জন্য ৮৫ কোটি ৮৮ লক্ষ টাকা ব্যয় করা হবে । সম্প্রতি লোকনির্মাণ বিভাগের পক্ষ থেকে কাছাড়, ডিমা হাসাও, কার্বি-আংলং, নগাঁও, ডিব্রুগড়, লক্ষিমপুর, চরাইদেও, বড়পেটা, বঙাইগাও, ধুবরী, কোকরাঝাড় এবং শিবসাগর জেলায় ২৮ টি নতুন সেতু নির্মানের জন্যে দরপত্র আহ্বান করা হয়েছে ।

---

ভারতরত্ন ড.ভূপেন হাজারিকার জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আজ থেকে সমগ্র রাজ্যে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এ উপলক্ষ্যে গতকাল জালুকবারী ভূপেন হাজারিকা সমাধিক্ষেত্র থেকে একটি সাইকেল র‍্যালী বের করা হয় । ডক্টর ভূপেন হাজারিকা সাংস্কৃতিক ন্যাসের সম্পাদিকা মঞ্জুলা হাজারিকা এই র‍্যালীর সূচনা করেন । এদিকে রাজ্যের বিভিন্ন প্রান্তে শিল্পীর জন্ম শতবর্ষ উদযাপনের সঙ্গে সঙ্গতি রেখে ড.অমরজ্যোতি চৌধুরী রচিত # মৃত্যু জিনার গান # কবিতাটি সমবেত কণ্ঠে আবৃত্তির কার্যসূচী গ্রহণ করা হয় ।

এদিকে বরাক উপত্যকায়ও আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে ড.ভূপেন হাজারিকার জন্ম শতবার্ষিকী উদযাপন করা হবে । এই উদযাপনের অংশ হিসেবে গতকাল শিলচরে মারোয়ারী যুব মঞ্চ , শিলচর টাইটানস ,শিলচর সমৃদ্ধি , শিলচর উদয়ের সঙ্গে যৌথভাবে রোটারী ক্লাব অফ গ্রীণল্যান্ড ,রোটারী ক্লাব অফ গ্রেটার এবং এন আই টির এডভেঞ্চার ক্লাবের সহযোগীতায় এই সাইকেল র‍্যালীর আয়োজন করা হয় ।
প্যাডেলিং টু দ্য টিউনস অফ এ লেজেন্ড শীর্ষক এই সাইকেল র‍্যালী ৯ কিলোমিটার দীর্ঘ সাইকেল যাত্রা করে জেলা ক্রীড়া সংস্থার মাঠে এসে শেষ হয় ।

---

এদিকে অসম আবৃত্তি এবং সংস্কৃতি পরিষদ শ্রীভূমি জেলা সমিতির উদ্যোগে গতকাল নবীন চন্দ্র কলেজ প্রেক্ষাগৃহে ভারতরত্ন ডক্টর ভূপেন হাজারিকার জন্ম শতবর্ষ উপলক্ষে সমবেত আবৃত্তি অনুষ্ঠানের আয়োজন করা হয় । পতাকা উত্তোলন ও স্মরন সভার পর শিক্ষার্থী , আবৃত্তিকার এবং কাব্য অনুরাগীরা সমবেত কণ্ঠে আবৃত্তি পরিবেশন করেন । কলেজ অধ্যক্ষ ডক্টর মোর্তাজা হোসেন সহ অন্যান্যরা এতে উপস্থিত ছিলেন ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের ব্যাবস্থাপনায় ভারতরত্ন সুধাকণ্ঠ ড.ভূপেন হাজারিকার জন্ম শতবর্ষ উদযাপনের সঙ্গে সঙ্গতি রেখে আজ সন্ধ্যা ৬ টায় জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । ড.ভূপেন হাজারিকার স্মৃতি বিজড়িত কথা -গীত-আলোচনা # শতবর্ষের সন্ধ্যা # শীর্ষক এই অনুষ্ঠানে সর্বস্তরের জনসাধারনকে উপস্থিত থাকতে জেলা প্রশাসনের পক্ষ থেকে আমন্ত্রন জানানো হয়েছে ।

---

শ্রীভূমি জেলা সমাজ কল্যাণ আধিকারিক জানিয়েছেন যে রাজ্যের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন সঞ্চালকালয় থেকে ২০২৫-২৬ সালে জেলার বিশেষভাবে সক্ষম পড়ুয়াদের বৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে । এতে নিম্ন প্রাথমিক থেকে স্নাতকোত্তর এবং চিকিৎসা ও কারিগরি শিক্ষায় অধ্যয়নরত বিশেষভাবে সক্ষম পড়ুয়াদের এই বৃত্তি প্রদান করা হবে । এই বৃত্তির জন্য দরখাস্তের নির্ধারিত ফর্ম শ্রীভূমি জেলা সমাজ কল্যাণ আধিকারিকের কার্যালয় এবং উত্তর শ্রীভূমি ,দক্ষিণ শ্রীভূমি ,বদরপুর রামকৃষ্ণনগর ,লোয়াইরপোয়া ও দুল্লভছড়া সুসংহত শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিকের কার্যালয় থেকে সংগ্রহ করতে বলা হয়েছে । দরখাস্ত জমা দেবার শেষ তারিখ আগামী ২৪ শে অক্টোবর । বিস্তারিত বিবরণ শ্রীভূমি জেলা সমাজ কল্যাণ আধিকারিকের কার্যালয় ও সংশ্লিষ্ট সি ডি পি ও কার্যালয়ে পাওয়া যাবে ।

---

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমি ক্লাবের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার ফাইনালে ভাগা বাজারের ইন্ডিয়ান এফ সি বিজয়ী হয়েছে ।

গতকাল স্থানীয় নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত ফাইনাল খেলায় ইন্ডিয়ান এফ সি দল ৩-০ গোলের ব্যবধানে লোকনাথপুর ইয়ং স্টার ক্লাবকে পরাজিত করে । ফাইনালে ডোয়ানজুয়ালা , নেকতিয়া এবং রোমরুয়াতা একটি করে গোল করেন ।
ফাইনাল খেলা শুরুর আগে পরিবেশিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান ।
ফাইনালে মূখ্য অতিথি হিসেবে ধলাই-র বিধায়ক নীহার রঞ্জন দাস ,

বিজেপির কাছাড় জেলা সভাপতি রূপম সাহা , জেলা পরিষদের সভাপতি কংকন নারায়ন শিকিদার প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে আয় ডিভিশন লীগ কাম নক আউট ফুটবল প্রতিযোগীতায় গতকাল প্যারাডাইস এন জি ও ৯-১ গোলের ব্যবধানে ইনসাফ ক্লাবকে পরাজিত করে ।

হাইলাকান্দি নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতায় আজকের খেলা রাঙ্গাউটির ইন্সাফ ক্লাব ও ব্লাড মাউথ এথলেটিক ক্লাব পরস্পরের মুখোমুখি হবে ।

প্রতিযোগীতায় মোট ১৬ টি দল অংশগ্রহণ করছে । প্রতিদিন দুপুর আড়াইটে থেকে খেলা শুরু হবে । একমাস ব্যাপী এই প্রতিযোগীতার ফাইনাল খেলা আগামী ১৩ই অক্টোবর অনুষ্ঠিত হবে ।

---